# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-04-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমার ঢোলাহাটে বিষ্ফোরণে মৃত ৮ জনের মধ্যে ৭ জনের ময়না তদন্তের পর শেষকৃত্য সম্পন্ন হয়েছে। ফরেন্সিক দল গতকাল ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে।

রাজ্য সরকার বিস্ফোরণের ঘটনায় জেলা শাসকের কাছে রিপোর্ট তলব করেছে।

২) উত্তর ২৪ পরগনার বসিরহাট লোকসভা কেন্দ্রে উপ-নির্বাচনের দাবি জানিয়ে আদালতের দ্বারস্থ হয়েছে এলাকাবাসী।

৩) বিজেপি ভুতুড়ে ভোটার ইস্যুতে আজ পথে নামতে চলেছে।

৪) হুইপ জারি করা সত্ত্বেও বিধানসভার বাজেট অধিবেশনে অনুপস্থিত বিধায়কদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করতে তৃণমূল কংগ্রেস পরিষদীয় দলের শৃঙ্খলা রক্ষা কমিটি আগামী সপ্তাহে বৈঠকে বসবে।

৫) মূর্শিদাবাদের সামসের গঞ্জে ট্রেলারের ধাক্কায় এক নাবালক সহ চারজনের মৃত্যু।

৬) অন লাইনে উল্লেখযোগ্য কাজের জন্য রাজ্যের সাত জেলার ৭-টি গ্রাম পঞ্চায়েত কেন্দ্রের ন্যাশনাল ই-গভর্নেন্স পুরস্কারের জন্য মনোনীত হয়েছে।

oooooooooooooooooo

দক্ষিণ চব্বিশ পরগনার পাথরপ্রতিমার ঢোলাহাটে বিস্ফোরণে মৃত ৮ জনের মধ্যে ৭ জনের দেহ গতকাল কাকদ্বীপ হাসপাতালে ময়নাতদন্তের পর স্থানীয় শ্মশানে শেষকৃত্য হয়। বণিক পরিবারের এক কাকার হাতে সুন্দরবন পুলিশের জেলার পক্ষ থেকে দেহগুলি তুলে দেওয়া হয়। গতকাল রাত ৮ টার পর ৩ সদস্যের ফরেন্সিক দল ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহের পর বেরিয়ে যায়। প্রায় ২ ঘন্টার বেশী সময় ধরে ফরেন্সিক দল নমুনা সংগ্রহের কাজ করে বলে

আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

এদিকে, কাকদ্বীপের মহকুমাশাসক মধুসূদন মণ্ডল, পাথরপ্রতিমার বিডিও মহম্মদ ইসরায়েল সহ একটি দল গতকাল ঘটনাস্থলে যায় । এলাকার মানুষের সঙ্গে কথা বলেন।

এই ঘটনায় বাজি কারখানার মালিক দুই ভাই চন্দ্রকান্ত বণিক ও তুষারকান্তি বণিকের বিরুদ্ধে একাধিক জামিন অযোগ্য ধারায় মামলার রুজু করা হয়েছে। তারা অবশ্য পলাতক।

এদিকে ঢোলাহাটে ভয়াবহ বাজি বিস্ফোরণে চার শিশুসহ আটজনের মৃত্যুর পরে রাজ্য সরকার জেলা শাসকের কাছে রিপোর্ট তলব করেছে। কি ঘটনা ঘটেছিল রিপোর্টে তার বিস্তারিত উল্লেখ করতে বলা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

অন্যদিকে, গতকালের ঘটনার পরে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার সব জেলার পুলিশ সুপার, গোয়েন্দা বিভাগ ও পুলিশ কমিশনারদের সঙ্গে বৈঠক করেন। বিভিন্ন এলাকায় নজরদারীর সঙ্গে গোয়েন্দা বিভাগকে আরও সক্রিয় হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বৈঠকে।

এই ঘটনায় সাধারণ মানুষের মধ্যে সচেতনতার অভাব রয়েছে বলে ADG দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার মন্তব্য করেছেন। স্থানীয় বাসিন্দারা দুর্ঘটনার প্রেক্ষিতে প্রশাসনের দিকে আঙুল তুললেও, গতকাল এক সাংবাদিক বৈঠকে সুপ্রতীম বাবু জানান, বাড়ি বাড়ি গিয়ে নজরদারি চালানো, পুলিশের পক্ষে সম্ভব নয়। প্রয়োজনীয়

সচেতনতা গড়ে তুলতে বাজি প্রস্তুতকারক সংস্থাগুলির সঙ্গে আলোচনায় বসা হবে। বাজি মজুত রাখার জন্য নিরাপদ জায়গা চিহ্নিত করার উদ্যোগ নেওয়া হবে বলে তিনি জানান।

( বাইট- সুপ্রতীম )

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমার ঢোলাহাটে বিস্ফোরণে ৮ জনের মৃত্যুর ঘটনায় রাজনৈতিক চাপানউতোর তুঙ্গে।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই ঘটনার NIA তদন্তের দাবী জানিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহর কাছে চিঠি দিয়েছেন। তাঁর অভিযোগ, পশ্চিমবঙ্গে অবৈধ অস্ত্র এবং বিস্ফোরক মজুত রাখা একটি প্রবণতা হয়ে দাঁড়িয়েছে, যা দেশের পক্ষে অত্যন্ত বিপজ্জনক।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ, ঢোলাহাটের ঘটনাকে দুর্ভাগ্যজনক আখ্যা দিয়ে বলেন, এর সঙ্গে রাজনীতি করা উচিত নয়। তা’ যদি করতেই হয়, তবে গুজরাট বা শিবকাশীর ঘটনা নিয়েও রাজনীতি করা উচিত।

কংগ্রেসের এক প্রতিনিধি দল গতকাল ঘটনাস্থল পরিদর্শন করে। দলের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়, রাজ্য সরকার সবুজ বাজি এবং বাজি ক্লাস্টার তৈরীর কথা বললেও, তা’ কেন হচ্ছে না, তা’ নিয়ে প্রশ্ন তোলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বসিরহাট লোকসভা কেন্দ্রে উপনির্বাচনের দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন এলাকাবাসী। তাদের দাবি, ভারতীয় সংবিধান অনুযায়ী কোন কেন্দ্রে সর্বোচ্চ ৬ মাস প্রার্থীপদ শূন্য থাকলে জাতীয় নির্বাচন কমিশনের দায়িত্ব সেখানে উপনির্বাচন করা।

উল্লেখ্য, ২০২৪ সালের পয়লা জুন ঐ লোকসভা কেন্দ্রে ভোট হয়। চৌঠা জুন ঘোষিত ফলাফলে জয়ী হন তৃণমূল কংগ্রেস প্রার্থী শেখ হাজী নুরুল ইসলাম। কিন্তু গত ২৫ শে সেপ্টেম্বর মৃত্যু হয় তাঁর। এর পর থেকেই আসনটি শূন্য রয়েছে। দীর্ঘ ৬ মাস ধরে এলাকাবাসী সাংসদ তহবিলের উন্নয়নমূলক কাজ থেকে বঞ্চিত হচ্ছেন। এই সমস্যার সমাধানের লক্ষ্যেই অবিলম্বে উপনির্বাচন করানোর দাবী জানানো হয়েছে হাইকোর্টে।

oooooooooooooooooooooo

বিজেপি, ভুতুড়ে ভোটার ইস্যুতে পথে নামতে চলেছে। আজ তারা কলেজ স্কয়ার থেকে নির্বাচন কমিশন পর্যন্ত মিছিল করবে । সেখানে ভুতুড়ে ভোটারদের চিহ্নিত করে ভোটার তালিকা থেকে তাদের নাম বাদ দেওয়ার দাবী জানানো হবে।মিছিলে যোগ দিতে পারেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও।

এদিকে পুলিশ এই মিছিলের অনুমতি না দেওয়ায় দল, আদালতের দ্বারস্থ হয়েছে। আজ দুপুর ২ টো থেকে ৬ টা পর্যন্ত এই মিছিলের অনুমতি চেয়ে হাইকোর্টে আবেদন করেছে দল ।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাশে আজ এই মামলার শুনানি হওয়ার কথা।

oooooooooooooooooooooo

হুইপ জারি করা সত্ত্বেও বিধানসভার সদ্যসমাপ্ত বাজেট অধিবেশনের শেষ দুই দিন যে সমস্ত বিধায়ক অনুপস্থিত ছিলেন, তাদের বিরুদ্ধে কি পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে তৃণমূল কংগ্রেস পরিষদীয় দলের শৃঙ্খলা রক্ষা কমিটি আরও একবার বৈঠকে বসতে চলেছে। পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের নেতৃত্বে আগামী ৮ই এপ্রিল বিধানসভায় এক বৈঠকে ওই ৩০ জন বিধায়ককে কমিটির সামনে হাজিরা দিতে হবে। সেখানেই অনুপস্থিত থাকার কারণ ব্যাখ্যা করার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ইতিমধ্যেই অনুপস্থিত বিধায়কদের নামের তালিকা দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছে পাঠানো হয়েছে।

oooooooooooooooooooooo

বিজেপি, অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়কদের ভাতা বৃদ্ধির আর্জি জানিয়েছে। বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক শংকর ঘোষের নেতৃত্বে বিধায়কদের এক প্রতিনিধি দল গতকাল কেন্দ্রীয় নারী ও শিশু কল্যাণ মন্ত্রী অন্নপূর্ণা দেবীর সঙ্গে সাক্ষাৎ করে এবিষয়ে চিঠি দেন। তাতে বলা হয়েছে, দেশের ৩৬টি রাজ্যে চালু থাকা অঙ্গনওয়াড়ি প্রকল্পে ৪৪লক্ষ কর্মী ও সহায়ক যুক্ত রয়েছেন। এরা মাত্র সাড়ে চার হাজার টাকা ভাতা পেয়ে থাকেন। কিন্তু ২০১৮সালের পর থেকে এই ভাতার পরিমাণ বাড়ানো হয়নি। বর্তমান সময়ে পারিপার্শ্বিক পরিস্থিতি বিবেচনা করে পরিবারের খরচ বহন করতে তাদের খুব সমস্যার মধ্যে দিয়ে যেতে হচ্ছে। সেজন্যই কেন্দ্রের কাছে এই আবেদন বলে শ্রী ঘোষ চিঠিতে উল্লেখ করেছেন।

oooooooooooooooooooooo

উত্তরবঙ্গের চা বাগান, দক্ষিণবঙ্গের জঙ্গলমহল, সন্দেশখালিসহ উত্তর ২৪ পরগনায় বাম ছাত্র সংগঠন এসএফআই এর সদস্য সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ২০২৪-২৫ শিক্ষা বর্ষে এই সংগঠনের সদস্য বেড়েছে । কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে এসএফআই এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে একথা জানান। তিনি দাবী করেন , শাসক দল যেখানে যত বেশি হামলা আক্রমণ করেছে সেখানেই এই সদস্য সংখ্যা বৃদ্ধি পেয়েছে। তবে মিসড কলের মাধ্যমে এসএফআই এর কোনো সদস্য হওয়া যায় না বলেও তিনি স্পষ্ট করে জানিয়ে দেন। পরিসংখ্যান দিয়ে দেবাঞ্জন বলেন, উত্তরবঙ্গে চা বাগান গুলিতে ' ফ্রি স্কুলের দাবিতে আন্দোলন চলায় সেখানে সদস্য সংখ্যা চল্লিশ শতাংশ বৃদ্ধি পেয়েছে। দিনহাটায় সদস্য সংখ্যা বেড়েছে ১০ শতাংশ।

(বাইট –দেবাঞ্জন)

দেবাঞ্জন আরও জানান, বাঁকুড়ায় ৩৫ শতাংশ, ঝাড়গ্রামে ১৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে, পাশাপাশি বেলপাহারি, কেশপুর গড়বেতা , ঘাটাল , নন্দীগ্রাম কলেজেও বেড়েছে সদস্য সংখ্যা। সন্দেশখালিতে এক হাজারের বেশি সদস্য বেড়েছে, এবং উত্তর ২৪ পরগনার সদস্য সংখ্যা প্রায় ১০ হাজার বৃদ্ধি পেয়েছে বলে তাঁর দাবি।

oooooooooooooooooooooo

ষষ্ঠ BIMSTEC শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ব্যাংকক যাচ্ছেন। তাঁর এই সফর নিয়ে BIMSTEC ও ভারত শীর্ষক বিশেষ আলোচনায় বিদেশ মন্ত্রকের প্রাক্তন সচিব পিনাক রঞ্জন চক্রবর্তীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ প্রচার তরঙ্গ ও DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooo

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে কন্টেনারবাহী একটি ট্রেলারের ধাক্কায় গত রাতে এক নাবালক সহ চার জনের মৃত্যু হয়েছে। শমসেরগঞ্জ থানার অন্তর্গত নতুন ডাক বাংলো-জামিয়া কাটান এলাকায় এই ঘটনার পরে ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা। মৃত দেহ তুলতে এসে পুলিশকেও বাধার সম্মুখীন হতে হয়।

পুলিশ সূত্রে জানা গেছে গতরাতে জামিয়া কাটান এলাকায় একটি মোটরবাইকে চেপে চার জন ১২ নম্বর জাতীয় সড়ক পার হচ্ছিলেন। সেই সময় ফরাক্কার দিকে যাওয়া একটি কন্টেনার গাড়ি দ্রুত গতিতে এসে ওই বাইককে ধাক্কা মারে। ঘটনাস্থলেই তিন জন যুবকের ঘটনাস্থলেই মৃত্যু হয়, এক নাবালককে আশঙ্কাজনক অবস্থায় স্থানীয় এক নার্সিংহোমে ভর্তি করানো হলে সেখানেই তাঁর মৃত্যু হয়েছে। মৃতরা হলেন এজাজ শেখ, তৌহিদ শেখ, জাহুল শেখ এবং আসিফ শেখ। এদের বাড়ি ফরাক্কার উত্তর মহাদেবনগর এলাকায়।

স্থানীয়দের অভিযোগ পুলিশের তোলা আদায় থেকে বাঁচতে দ্রুত গতিতে কন্টেইনার টি পালাচ্ছিলো সেসময় ধাক্কা মারে বাইকে।

ডাম্পারটিকে আটক করেছে পুলিশ। বাইক আরোহীদের কারোর মাথায় হেলমেট ছিলনা বলে পুলিশ জানায় ।

এদিকে দুর্ঘটনার পর সামশেরগঞ্জ থানার পুলিশ মৃতদেহগুলি জাতীয় সড়ক থেকে উদ্ধার করতে এলে আশপাশের গ্রাম থেকে প্রচুর বাসিন্দা এসে জাতীয় সড়ক অবরোধ অবরোধ করে বিক্ষোভ দেখাতে শুরু করেন। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

oooooooooooooooooooooo

দার্জিলিং জেলার কার্শিয়াংয়ে টয়ট্রেনের ধাক্কায় এক স্কুল ছাত্রীর মৃত্যু হয়েছে। আহত আরও এক কিশোরী। জানা গিয়েছে, রোশনী রাই নামে নবম শ্রেণীর ওই ছাত্রী সোমবার দিদির সঙ্গে ওষুধ কিনতে বাড়ি থেকে বের হয়। কার্শিয়াংয়ে বাজারের কাছে লাইন পার হওয়ার সময় টয়ট্রেনটি পিছন থেকে ধাক্কা মারে বলে অভিযোগ।

ooooooooooooooooooooooo

কলকাতার দক্ষিন বন্দর থানা এলাকায় গঙ্গায় স্নান করতে গিয়ে গতকাল এক তরুন ভেসে যায়। পুলিশ এখনো তল্লাশী চালাচ্ছে।পুলিশ সূত্রে জানা গেছে, বিকেল চারটে নাগাদ তক্তা ঘাটে চান করার সময়ে বছর কুড়ির শাহনওয়াজ গঙ্গায় ভেসে যায়। তার বাড়ি ভূকৈলাশ রোডে। পুলিশের বিপর্যয় মোকাবিলা দপ্তরের ডুবুরীরা তার সন্ধানে তল্লাশী চালাচ্ছে।

ooooooooooooooooooooo

অনলাইনে উল্লেখযোগ্য কাজের জন্য রাজ্যের ৭ জেলার সাতটি গ্রাম পঞ্চায়েত কেন্দ্রের ন্যাশনাল ই গভর্নেন্স পুরস্কারের জন্য মনোনীত হয়েছে।এই জেলাগুলি হল আলিপুরদুয়ার, হাওড়া, উত্তর ২৪ পরগনা, দুই মেদিনীপুর,পুরুলিয়া এবং হুগলি। এই ৭ জেলার নির্বাচিত গ্রাম পঞ্চায়েতগুলিকে ই-গভর্নেন্স এর নিরিখে যাবতীয় তথ্য নিয়ে

রাজ্য পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরে একটি করে ভিডিও পাঠাতে বলা হয়েছে। রাজ্য সরকার তা পঞ্চায়েত মন্ত্রকের কাছে পাঠাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতায় গত সপ্তাহে "সৃষ্টিশীল কর্মনির্ভর অর্থনীতিতে নতুন দিশা" শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করা হয়। । বণিক সভা কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি আয়োজিত এই সভায় অন্যতম বিষয় ছিল- পূর্ব ভারতের আঞ্চলিক ভাষার চলচ্চিত্রে বিনিয়োগ ও সম্ভাবনা। অংশ নেন পরিচালক, অভিনেতা, সমালোচক সহ বাণিজ্য জগতের বিশিষ্টজনেরা।

উদ্বোধনের পর রাজ্যপাল সিভি আনন্দ বোস বলেন, শিল্প সাহিত্য ও সংস্কৃতি সারা পৃথিবীতে আমাদের পরিচয় বহন করে।

পূর্ব ভারতের আঞ্চলিক ভাষা,বিশেষ করে বাংলা ছবিতে দেশের এবং বিশ্বের প্রযোজকদের বিনিয়োগ বাড়ানোর প্রতি মত প্রকাশ করেন চলচ্চিত্র জগতের সকলেই। আলোচনা শেষে পরিচালক গৌতম ঘোষ আমাদের প্রতিনিধিকে বলেন, সারা পৃথিবীতে বাঙালির সংখ্যার কথা মাথায় রেখে ছবি তৈরি করতে পারলে বাণিজ্যিক সাফল্য আসতে বাধ্য এবং সে ক্ষেত্রে সরকারি সীমাবদ্ধতাকে মাথায় রেখে শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসা দরকার।

(বাইট - গৌতম ঘোষ)

অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত আকাশবাণীকে বলেন, বাংলায় মেধাবী শিল্পী ও পরিচালকের অভাব নেই। আঞ্চলিক ভাষায় এখন অনেক ভালো ছবি তৈরি হচ্ছে। এই সময়ে অর্থলগ্নিকারী সংস্থাগুলির বাংলা ছবির জন্য সদর্থক ভূমিকা নেওয়া দরকার।

(বাইট - ঋতুপর্ণা সেনগুপ্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুরসভার সহযোগিতায় , পাবলিশার্স অ্যান্ড বুকসেলার্স গিল্ডের আয়োজনে কলেজ স্কোয়ারে শুরু হয়েছে বই উৎসব। সপ্তাহ ব্যাপী এই বই উৎসবের গতকাল উদ্বোধন করেন বিশিষ্ট রসসাহিত্যিক সঞ্জীব চট্টোপাধ্যায়। এই উৎসবকে তিনি বই পার্বণ বলে উল্লেখ করেন।

এই মেলা প্রতিদিন বিকেল তিনটে থেকে রাত আটটা পর্যন্ত খোলা থাকবে। ৫৫ টি স্টলে অংশ নিয়েছে ৭০ টি প্রকাশনা সংস্থা।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেয়র পরিষদ দেবাশীষ কুমার, কবি জয় গোস্বামী, গিল্ড সভাপতি ত্রিদিব চট্টোপাধ্যায় , সম্পাদক শুধাংশু শেখর দে প্রমুখ ।
উল্লেখ্য,২০১৩ সালে এই বই উৎসব শুরু হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০